

বেলিডের ট্রেনিং কোর্সের উদ্বোধন

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গ্রন্থাগারে তথ্য প্রযুক্তির ব্যবহার দেশে একটি যুগান্তকারী ঘটনা। মঙ্গলবার নর্থসাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি বেলিড আয়োজিত গ্রন্থাগার বিষয়ক ট্রেনিং কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তথ্যমন্ত্রী আরও বলেন, কোনো অশুভ শক্তি যেন তথ্য প্রযুক্তির এই উন্নয়নকে বাধাগ্রস্ত করতে না পারে সেজন্য সরকার তথ্য প্রযুক্তি আইন প্রণয়ন করেছে। এর সুফল কাজে লাগিয়ে সবার মাতৃভাষায় সফটওয়্যার প্রস্তুতের আহ্বান জানান ইনু। সংবাদ বিজ্ঞপ্তি।